ভাঙ্গায় পূর্ব শত্রুতার জেরে প্রতিপক্ষের হামলায় মা-ছেলে আহত

মাসুম আল ইসলাম, (ভাঙ্গা) ফরিদপুর প্রতিনিধিঃ- ফরিদপুরের ভাঙ্গায় পূর্ব শত্রুতার জেরে মা- ছেলে আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। গত ৪ ডিসেম্বর উপজেলার চান্দ্রা ইউনিয়নের গোয়ালবেড়া গ্রামের মোঃ কবির মল্লিকের পুত্র উজ্জল মল্লিক
(২৮) ও তার স্ত্রী রীনা বেগম (৪২) প্রতিপক্ষের আঘাতে আহত হয়ে বর্তমানে ভাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন।
এ ব্যাপারে ছয় জনকে আসামী করে গত ৫ ডিসেম্বর ভাঙ্গা থানায় মামলা দায়ের করা হয়। জানা যায়, মামলা দায়ের করার পর থেকে বিবাদী পক্ষ বাদীকে মামলা তুলে নিতে বিভিন্ন ভাবে হুমকী-ধামকী দিয়ে আসছে।
ভাঙ্গা থানার উপ-পরিদর্শক সঞ্জয় বিশ্বাস জানান, থানায় মামলা দায়ের করা হয়েছে। তদন্ত সাপেক্ষে দ্রুত আসামীদের গ্রেফতারের চেষ্টা চলছে।